

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী পরিচালকের দপ্তর
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
রাজশাহী।

স্মারক নং- ৫৮.০৩.৫০৬৪. ০০২.১৯.১৩৬.১৫- ০৭

তারিখ: ০২/০২/২০২৪

প্রতি : উপপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
রাজশাহী বিভাগ, রাজশাহী।

বিষয় : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বৃহত্তর রাজশাহী জেলা কর্তৃক প্রদানকৃত ফায়ার লাইসেন্স, এ্যাম্বুলেন্স সার্ভিস, প্রশিক্ষণ ও মহড়া কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন প্রসঙ্গে।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর অগ্নি প্রতিরোধ ও নির্বাণসহ অন্যান্য বহুমাত্রিক সেবায় নিয়োজিত। এ লক্ষ্যে অগ্নিকাণ্ডসহ যেকোন দুর্ঘটনায় ক্ষয়ক্ষতিরোধ, আহত সেবা, অগ্নিপ্রতিরোধ ব্যবস্থা নিশ্চিত ও জনসচেতনতা বৃদ্ধিকল্পে সাধারণ জনগণ, স্কুল কলেজসহ সকল শিক্ষার্থী, সরকারি/বেসরকারী প্রতিষ্ঠান, শপিংমল, হাটবাজার, বিপণিবিতান, বহুতল/বাণিজ্যিক ভবনে বসবাসরত ও কর্মরতদের অগ্নিনির্বাণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প বিষয়ে মৌলিক প্রশিক্ষণ প্রদান, ক্ষয়ক্ষতি রোধকল্পে মহড়া পরিচালনা, বিভিন্ন প্রতিষ্ঠানে ফায়ার সেফটি নিশ্চিতপূর্বক ফায়ার লাইসেন্স প্রদান এবং রোগী/ আহতদের হাসপাতালে পৌঁছানো হয়।

নিম্নস্বাক্ষরকারী কর্তৃক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বৃহত্তর রাজশাহী জেলার অক্টোবর ২০২৩ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত সম্পাদিত এপিএ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম ৩১-১২-২০২৩ তারিখ পরিদর্শন করা হয়। অক্টোবর ২০২৩ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত রাজশাহী জেলা কর্তৃক সম্পন্নকৃত অগ্নিনির্বাণ মহড়া, মৌলিক প্রশিক্ষণ, ফায়ার লাইসেন্স প্রদান এবং এ্যাম্বুলেন্সের মাধ্যমে রোগী/ আহতদের হাসপাতালে পৌঁছানো সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

অগ্নিনির্বাণ মহড়া পরিচালনা:

সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অগ্নিপ্রতিরোধ এবং অগ্নিনির্বাণ বিষয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃক নিয়মিত মহড়া কার্যক্রম পরিচালনা করা হয়। উক্ত সময়ের মধ্যে সরকারি প্রতিষ্ঠান/আবাসিক ভবনে (বহুতল ভবনসহ) ৬১ টি, বেসরকারী প্রতিষ্ঠান/আবাসিক ভবনে (বহুতল ভবনসহ) ২৩ টি, বস্তি/আশ্রয়ন প্রকল্প/গুচ্ছগ্রাম/ঘনবসতিপূর্ণ এলাকায় ২১ টি, হাসপাতাল/স্বাস্থ্য কেন্দ্র/ ক্লিনিকে ১৫ টি, বাণিজ্যিক/শপিংমল/ বিপণিবিতান/হাটবাজারে ১৫৯ টি, স্কুল /মাদ্রাসায়/ কলেজ/ বিশ্ববিদ্যালয় পরিচালিত ৪০ টি মহড়া সর্বমোট ৩১৯ টি মহড়া পরিচালনা করা হয়েছে। উক্ত মহড়াসমূহে স্থানীয় জনপ্রতিনিধিসহ অন্যান্য সরকারি কর্মকর্তাগণ উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

জনসচেতনতামূলক বিভিন্ন কর্মসূচী পরিচালনা:

যেকোন দুর্ঘটনাকে খুব দ্রুত হাস্যকরণ ও প্রতিষ্ঠান ভিত্তিক সকল তথ্য সংশ্লিষ্ট ফায়ার স্টেশনে সংরক্ষণের লক্ষ্যে এবং প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে অগ্নিপ্রতিরোধ এবং অগ্নিনির্বাণ সম্পর্কিত বিভিন্ন সুপারিশমালা প্রদানের নিমিত্তে টফোগ্রাফি ও গনসংযোগ ৪২০ টি, শিল্প প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানে পরিদর্শন/সার্ভে ৪৯ টি, শপিংমল/বিপণিবিতানে/মার্কেট এ পরিদর্শন /সার্ভে ৩৭ টি পরিচালনা করা হয়।

মৌলিক প্রশিক্ষণ পরিচালনা:

দুর্ঘটনার শুরুর্তেই প্রথম সাড়াদানকারী হিসেবে যেকোন দুর্ঘটনার বিস্তার রোধকল্পে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধিকল্পে স্কুল/মাদ্রাসায় /কলেজ/বিশ্ববিদ্যালয়ে ৬৭০ জন ছাত্র/ছাত্রীসহ ২৯ টি সরকারি প্রতিষ্ঠান/আবাসিক ভবনে (বহুতল ভবনসহ), ২০ টি বেসরকারি প্রতিষ্ঠান/আবাসিক ভবন (বহুতল ভবনসহ) অগ্নিনির্বাণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও ভূমিকম্প বিষয়ে মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এ্যাম্বুলেন্স সার্ভিস পরিচালনা:

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বৃহত্তর রাজশাহী জেলার ৩৫ টি ফায়ার স্টেশনে মোট ০৮ টি এ্যাম্বুলেন্স বিদ্যমান রয়েছে। এ সকল এ্যাম্বুলেন্স এর মাধ্যমে উল্লেখিত সময়ে ৫৩৫ টি রোগী পরিবহনের চাহিদায় ৫৩৫ জন অর্থ্যাৎ ৫৩৫ জন রোগী হাসপাতাল/ স্বাস্থ্যকেন্দ্রে পৌঁছানো হয়েছে এবং সরকারি ফ্রি বাবদ = ১,৩৯,৭০৫/- টাকা আদায় করা হয়েছে।

ফায়ার লাইসেন্স প্রদান:

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বৃহত্তর রাজশাহী জেলায় ০৭ জন ওয়ারহাউজ ইন্সপেক্টর কর্মরত রয়েছে। উল্লিখিত সময়ের মধ্যে বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক নতুন ফায়ার লাইসেন্সের জন্য ১৯৩ টি আবেদনের প্রেক্ষিতে ১৭২ টি অর্থাৎ ৮৯.১১ % নতুন লাইসেন্স প্রদান ও ১০৩৫ টি লাইসেন্স নবায়ন করার মাধ্যমে = ১১,২৭,৩৮০/- টাকা রাজস্ব আদায় করা হয়েছে। তাছাড়া অগ্নিনির্বাপণ ও সাজ-সরঞ্জামাদীসহ অন্যান্য নিরাপত্তামূলক কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট ওয়ারহাউজ ইন্সপেক্টর কর্তৃক বিভিন্ন ধরনের ১২০৭ টি প্রতিষ্ঠান পরিদর্শন ও ১৫৬ টি প্রতিষ্ঠানে নোটিশ প্রদান করা হয়েছে।

উক্ত কার্যক্রমসমূহ অধিদপ্তর ও স্থানীয়ভাবে উপ সহকারী পরিচালক কর্তৃক নিয়মিত মনিটরিং করা হয়, এর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠানের অগ্নিনিরাপত্তা বৃদ্ধি এবং সাধারণ জনগন ও শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। জনসচেতনতা বৃদ্ধিকল্পে স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ সাপেক্ষে মোবাইল কোর্ট পরিচালনার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে বলা হয় এবং গুণগত মান বজায় রেখে বর্ণিত কার্যক্রমসমূহ আরও জোরদার করার নির্দেশনা প্রদান করা হয়।


০৩/১১/২০২৪

(এ.কে, এম মুরশেদ)

সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত)
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
রাজশাহী।

বিতরণ:

- ১। উপ- সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ।